

জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের উদ্বোধনী সভায় প্রেসিডেন্ট

# কর্মকেন্দ্রিক শিক্ষা ব্যবস্থা গড়ে তুলুন

(স্টাফ রিপোর্টার)

প্রেসিডেন্ট জিয়াউর রহমান অর্থ-নৈতিক উন্নয়নের জন্য কারিগরি ও পেশাগত শিক্ষার উপর সর্বাধিক গুরুত্ব দিয়ে একটি কর্মকেন্দ্রিক শিক্ষাব্যবস্থা গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ করেছেন।

প্রেসিডেন্ট বলেন, শিক্ষা ব্যবস্থাকে উন্নয়নের সাথে সম্পৃক্ত হতে হবে, উন্নয়নের গতিধারাকে ত্বরান্বিত করতে হবে ও উন্নয়নের উপযোগী মূল্যবোধ সৃষ্টিতে সহায়ক হতে

হবে।

তিনি আরো বলেন, শিক্ষা ব্যবস্থায় বর্তমান অবক্ষয় এবং অর্থ, শ্রম ও সময়ের অপচয় আমাদের অবশ্যই রোধ করতে হবে।

প্রেসিডেন্ট জিয়াউর রহমানের পক্ষে জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের উদ্বোধনী সভায় ভাষণ দিচ্ছিলেন। আঞ্চলিক শিল্প কেন্দ্রের মিলনায়তনে এই অধিবেশন হয়।

প্রেসিডেন্ট জিয়া পরিষদের সদস্যদের খোলাখুলি আলোচনার মাধ্যমে

একটি সর্বসম্মত ও দেশোপযোগী শিক্ষানীতি প্রণয়ন করার আহ্বান জানান।

উদ্বোধনী অধিবেশনে শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ, পরিষদের সদস্য সচিব জনাব মনজুরে মাওলা ভাষণ দেন।

প্রেসিডেন্ট জিয়াউর রহমান তাঁর ভাষণে বলেন: "কোন জাতির আশা আকাঙ্ক্ষা বাস্তবায়ন ও বাস্তব সমাজ গঠনের প্রধান হাতিয়ার হচ্ছে তার শিক্ষাব্যবস্থা। উপযুক্ত শিক্ষানীতি

প্রেসিডেন্ট তাঁর ভাষণে আরো বলেন, আমাদের জীবিকার চাহিদা বা জাতীয় অর্থনৈতিক উন্নয়নের চাহিদা মেটানোর সাথে সাথে নতুন শিক্ষাব্যবস্থাকে প্রতিটি শিক্ষার্থীর পরিপূর্ণ মানসিক হিসেবে গড়ে ওঠার উপযোগী হতে হবে। নতুন শিক্ষাব্যবস্থায় এমন পাঠ্যসূচী থাকতে হবে যা শিক্ষার্থীকে নৈতিক ও মানবিক মূল্যবোধে বলীয়ান করে তার পরিপূর্ণ বিকাশকে নিশ্চিত করবে।

শিক্ষা বিষয়ে নতুন চিন্তা-ভাবনা কেবলমাত্র এ পরিষদের গম্ভীর ভেতর সীমাবদ্ধ না রেখে সার্বভারতীয় জনগণের ভেতর তা ছড়িয়ে পড়বে বলে তিনি আশা প্রকাশ করে বলেন, সকলের সমবেত চিন্তার ফসল হিসাবে নতুন শিক্ষানীতি গড়ে উঠবে।

## শিক্ষামন্ত্রী

এর আগে স্বাগত ভাষণে জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের সভাপতি শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ বলেন, শিক্ষাব্যবস্থাকে জাতীয় চাহিদার পরিপূর্ণ করে গড়ে তুলতে হবে। আমাদের দেশের সমস্যার আলোকে শিক্ষাকে বাস্তবভিত্তিক, গণমুখী ও যুগোপযোগী করার প্রথম পদক্ষেপ হিসেবে সরকার এই উপদেষ্টা পরিষদ গঠন করেছেন।

এ পরিষদের উপর একটি অন্তর্বর্তীকালীন বসড়া শিক্ষানীতি প্রণয়নের দায়িত্ব অর্পিত হয়েছে। আমরা একটি অন্তর্বর্তীকালীন বসড়া শিক্ষা নীতি প্রণয়ন করে তাকে ব্যাপকতর ভিত্তিতে নিয়ে যেতে চাই। শিক্ষা উপদেষ্টা পরিষদের সদস্যগণের প্রণীত এই শিক্ষা রিপোর্টটি আলোচিত হবে সারা দেশের প্রতিনিধিত্ব স্থানীয় শিক্ষক ও শিক্ষাবিদদের একটি ওয়ার্কশপে। জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের পেশাকৃত শিক্ষা রিপোর্ট এবং ওয়ার্কশপে আলোচিত সমস্ত বক্তব্য যথা-স্বভাবে লিপিবদ্ধ করা হবে এবং শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত হবে। (শেষ পৃষ্ঠা ৭-এর কঃ দঃ)



গতকাল আঞ্চলিক শিল্প কমিশন-মিলনায়তনে শিক্ষা উপদেষ্টা পরিষদের সম্মেলন উদ্বোধন করা হয়। প্রেসিডেন্ট জিয়াউর রহমান এই সম্মেলন উদ্বোধন করেন।

প্রণয়ন এবং সে অনুযায়ী শিক্ষা সংস্কারের উদ্যোগ তখনই সফল প্রমাণিত হবে যখন তা আমাদের অর্থনৈতিক উন্নয়নে কার্যকরী ভূমিকা পালন করবে, বেকার সমস্যার সমাধান ও জীবন ধারণের মান উন্নয়নে সহায়ক হবে। এক্ষেত্রে বিষয়কেন্দ্রিক শিক্ষার তুলনায় কর্মকেন্দ্রিক ও বৃত্তিমূলক শিক্ষা বিশেষ অবদান রাখতে সক্ষম। কর্মকেন্দ্রিক শিক্ষাক্রমে কাজের মাধ্যমে অভিজ্ঞতা লাভের সুযোগ থাকে। পরিবেশের সঙ্গে শিক্ষার্থীর পারস্পরিক ক্রিয়ার মাধ্যমে শিক্ষাদান এই শিক্ষার প্রধান উদ্দেশ্য। এই শিক্ষা শিক্ষার্থীকে প্রান্তবৃত্তিক ব্যক্তি হিসাবে ফলপ্রসূ ও সমৃদ্ধ জীবনযাপন করতে শেখায় এবং তাদের মনে কারিক শ্রমের প্রতি মর্যাদা ও শ্রদ্ধাবোধ জাগ্রত করে।

আমাদের মতো উন্নয়নশীল দেশে একটি কর্মকেন্দ্রিক শিক্ষাব্যবস্থা গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ করে তিনি বলেন, এর জন্য কারিগরি ও পেশাগত শিক্ষার উপর অধিক জোর দেয়ার কথা আমাদের গভীর ভাবে চিন্তা করা প্রয়োজন।